



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৬৭৬

তারিখঃ ০৭/০৬/২০২২


প্রেস বিজ্ঞপ্তি

০৫ জুন ২০২২ ইং তারিখে বিভিন্ন দৈনিক পত্রিকায় জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান কে উদ্ধৃত করে “ঢাকার নদী দূষণে দায়ী ওয়াসা” শিরোনামে প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার বক্তব্য।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আপনার দেয়া বক্তব্যের উদ্ধৃতি দিয়ে গত ০৫ জুন, ২০২২ তারিখে বিভিন্ন দৈনিক পত্রিকায় “ঢাকার নদী দূষণে দায়ী ওয়াসা” শিরোনামে খবর পরিবেশন করে। ঢাকার আশপাশের চারটি নদী দূষনে যদি কোন একক প্রতিষ্ঠানকে দায়ী করা হয়, তাহলে সেটি হবে ঢাকা ওয়াসা- জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান তাঁর বক্তব্যে উল্লেখ করেছেন বলেও পত্রিকাগুলি খবর প্রকাশ করেছে।

অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এক গবেষণায় ঢাকার চারপাশের নদীসমূহ দূষনের জন্য ০৯ (নয়) টি প্রধান উৎস সনাক্ত করা হয়েছে। যথাঃ ১) শিল্প বর্জ্য ২) কঠিন বর্জ্য ৩) পোলট্রি ও ডেইরী ফার্মের বর্জ্য ৪) নৌযান ও জাহাজ হতে নির্গত বর্জ্য ৫) পয়ঃ বর্জ্য ৬) মেডিকেল বর্জ্য ৭) নির্মাণ কাজের বর্জ্য ৮) হোটেল/রেস্টুরেন্টের বর্জ্য এবং ৯) ফল ও শাকসব্জির পাইকারী বাজারের বর্জ্য। এছাড়া ঢাকার চারপাশের ১০ (দশ) টি ইন্ডাস্ট্রিয়াল ক্লাস্টার যথা ১) গাজীপুর ক্লাস্টার ২) কোনাবাড়ী ক্লাস্টার ৩) টংগী ক্লাস্টার ৪) সাভার ক্লাস্টার ৫) ডিইপিজেড ক্লাস্টার ৬) হাজারীবাগ ক্লাস্টার ৭) তারাবো ক্লাস্টার ৮) নারায়নগঞ্জ ক্লাস্টার ৯) ঘোড়াশাল ক্লাস্টার ও ১০) তেজগাঁও ক্লাস্টার হতে বর্জ্য নিষ্কাশিত হয়ে নদী দূষন করে। নদী দূষনের পরিমাপ বিওডি লোড (Bio Chemical Oxygen Demand Load) এর প্রায় ৬০ শতাংশ আসে ইন্ডাস্ট্রিয়াল ইফ্লুয়েন্ট হতে। কাজেই দূষনের সমস্ত উৎস বিবেচনায় পয়ঃ বর্জ্য দ্বারা নদী দূষন অংশ খুবই নগন্য, মাত্র ১০ (দশ) শতাংশ এর কাছাকাছি। ঢাকা ওয়াসা সমস্ত ঢাকা শহরকে পয়ঃ নেটওয়ার্কের আওতায় আনার জন্য একটি সূয়ার মাষ্টার প্ল্যান প্রনয়ন করে তা বাস্তবায়নের কাজ করছে। বর্তমানে মাত্র ২০% নগরবাসিকে ঢাকা ওয়াসা পয়ঃ সেবা প্রদান করতে পারছে। বাকি অংশে ইমারত নির্মাণের সময় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ পয়ঃ বর্জ্যের ব্যবস্থাপনা রেখেই নকশা অনুমোদন করে। এছাড়া স্বল্প আয়ের লোকদের পয়ঃ নিষ্কাশনের জন্য ঢাকা সিটি কর্পোরেশনের পৃথক অবকাঠামো রয়েছে। কাজেই, নদী দূষনের জন্য এককভাবে ঢাকা ওয়াসাকে দায়ী করা কোনভাবেই বন্ধনিষ্ঠ ও সমীচিন নয়। বরং, এটি অসত্য এবং অপেশাদারী অভিব্যক্তি। জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান এর মতো সন্মানজনক পদের একজন ব্যক্তির কাছ থেকে ঢাকা ওয়াসা এরূপ মন্তব্য আশা করে না। ঢাকা ওয়াসা একটি সরকারি মালিকানাধীন সংস্থা হিসেবে তার উপর অর্পিত দায়িত্ব দেশের আর্থ সামাজিক অবস্থা এবং সরকারের সঠিক দিক নির্দেশনা মোতাবেক পালন করে যাচ্ছে।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে



এ. এম. মোস্তফা তারেক

উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা

ঢাকা ওয়াসা।